[redacted]

[redacted]

সভাতে আরো বক্তব্য রাখেন, ইউপি চেয়ারম্যান আলী হোসেন, কালীগঞ্জ পূজা উদযাপন পরিষদের সভাপতি রবিন দত্ত, সাধারন সম্পাদক প্রশান্ত কুমার খা, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস ও হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য পরিষদের সাধারন সম্পাদক উজ্জল অধিকারী প্রমুখ।

গাংনীতে ফেনসিডিলসহ তিন মাদক পাচারকারী গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে পলাশীপাড়া গ্রাম থেকে তিন মাদক পাচারকারীকে গ্রেপ্তার করেছে। বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে তাদেরকে গ্রেপ্তার করা হয়। জব্দ করা হয় ৩৭ বোতল ফেনসিডিল। তাদের বিরুদ্ধে মামলাসহ মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়েছে। গ্রেপ্তারকৃতরা হচ্ছে- কুষ্টিয়ার আড়ুয়াপাড়ার আফসার আলীর ছেলে হাসান আলী(২৪), পলাশীপাড়ার মকবুল হোসেনের ছেলে শওকত(৪৫) ও মোহনের ছেলে রুবেল(২৬)
গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, গ্রেপ্তারকৃতরা চিহ্নিত মাদক পাচারকারী। এরা বিক্রির জন্য ফেনসিডিল মজুদ করেছে মর্মে সংবাদ পেয়ে এসআই রাজ্জাক, এএসআই মামুনসহ সঙ্গীয় ফোর্স অভিযান চালায়। এসময় দুটি ব্যাগে ৩৭ বোতল ফেনসিডিল পাওয়া গেলে তাদেরকে গ্রেপ্তার করা হয়।

তালগাছ রোপনের আহবান কৃষিবিদ

[redacted]

[redacted]

আমি চাই না একজন কৃষক মাঠে সোনা ফলানোর সময় বজ্রপাতে মৃত্যু বরন করুক। আমি মনে করি কৃষক বাঁচলেই বাঁচবে আমার সোনার বাংলাদেশ। আমি একজন কৃষি অফিসার আমি সবসময়ই কৃষকদের জন্য নিরলস ভাবে কাজ করে যেতে চাই। সেই সাথে আপনাদের মেহেরপুর প্রতিদিনকে ধন্যবাদ দিতে চাই কারণ আজ থেকে আপনারাও আমাদের সাথে তালগাছ ও বজ্র থেকে বাঁচি প্রচারণায় অংশ নিয়ে ফেললেন কারণ আপনাদের লেখার মাধ্যমে আমার স্বপ্ন সকলের সামনে তুলে ধরলেন। এতে করে অনেকেই বজ্রপাত থেকে কিভাবে নিজের রক্ষা করা যায় জানতে পারবে এবং নিজেরাও তাল গাছ রোপণ করবে বলে আমি আশাবাদী।

ঝিনাইদহে তরী সমাজ কল্যান সংস্থার ১৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ঝিনাইদহে তরী সমাজ কল্যান সংস্থার ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।
মঙ্গলবার সকালে শহরের এইচএসএস সড়কের সিকদার মার্কেটে সংস্থাটির প্রধান কার্যালয়ে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। সংস্থার সভাপতি এফকে কবিতা’র সভাপত্বিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা অফিসের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল সামী। বিশেষ অতিথি ছিলেন সংস্থার প্রধান উপদেষ্টা মুক্তিযোদ্ধা মনোয়ার হোসেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ও এসএ টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ। অনুষ্ঠান পরিচালনা করেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হাসান ইমরান রঞ্জু। পরে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কেটে দিনটি উদযাপন করেন অতিথিবৃন্দ।

ঝিনাইদহে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালিত

‘সবার জন্য প্রয়োজন, জন্ম ও মৃত্যুর পরপরই নিবন্ধন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালিত হয়েছে।
জেলা প্রশাসনের আয়োজনে বুধবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।
এতে জেলা প্রশাসক মজিবর রহমান, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা: জাহিদ আহম্মেদ, জেলা নির্বাচন অফিসার আবু সালেকসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা বক্তব্য রাখেন।
এসময় বক্তারা, সরসারি সেবা পেতে সমাজের সর্বস্তরের মানুষের জন্ম ও মৃত্যু নিবন্ধন করার প্রতি পরামর্শ দেন। সেই সাথে নিবন্ধন সহজীকরণ করতে সরকারের সংশ্লিষ্ট দপ্তরের প্রতি আহ্বান জানান।

মেহেরপুরে ১ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১ জন। মঙ্গলবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৮২ টি। তারমধ্যে ১ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ২৬ জন।

তার মধ্যে সদরে ৮ জন, গাংনীতে ৫ জন এবং মুজিবনগরে ১৩ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৮০ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৪০ জন।

আওয়ামীলীগের দলীয় মনোনয়ন পত্র জমা দিলেন মিজানুর রহমান রানা

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নে আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রার্থী হিসেবে আওয়ামীলীগের দলীয় মনোনয়ন পত্র জমা দিলেন কাথুলী ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজ কল্যান সম্পাদক মিজানুর রহমান রানা।

মঙ্গলবার দুপরে রাজধানীর দলীয় কার্যালয় ধানমন্ডি ৩/এ দলীয় মনোনয়ন পত্র জমা দেন মিজানুর রহমান রানা।

জানা গেছে ছোট বেলা থেকেই ছাত্র রাজনীতির সাথে যুক্ত আছেন। এবং ১৯৯৬ সালের মেহেরপুর সরকারী কলেজ ছাত্র সংসদের গূরুত্বপূর্ন পদ অর্জন করেন।আওয়ামীলীগের দুর্দিনেও রাজ পথে থেকে ছাত্র রাজনীতি করে আসছেন। তার পাশাপাশি সুনাম ধন্য ব্যাবসায়িক দের তালিকায় তিনার নাম অন্যতম।

তিনি দীর্ঘদিন যাবৎ মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারন সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি বর্তমানে মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজ কল্যান সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। এবং তিনি কাথুলী ইউনিয়ন পরিষদ একবার উপনির্বাচনে চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন।এবং একবার আওয়ামীলীগের দলীয় প্রতীক নৌকা নিয়ে নির্বাচন করে ২৮৭ ভোট পেয়ে বিজয়লাভ করেন।

এবারে ২০২১ আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের দলীয় মনোনয়নের প্রত্যাশায় মনোনয়ন ফরম দিয়েছেন এবং ইউনিয়ন বাসীর সকলের কাছে দোয়া চেয়েছেন।

এ বিষয়ে মিজানুর রহমান রানা জানান,আপনারা সকলে অবগত আছেন যে,আমি কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব রত ছিলাম। আমার দায়িত্বভার গ্রহন করার ২বছর ৬ মাস পর থেকেই বাংলাদেশ সহ সারা

বিশ্ব মহামারিতে জর্জরিত হয়ে পড়েছিল।বন্ধ ছিল সকল প্রকার উন্নয়ন মূলক কাজ। তাই আমার ইউনিয়নে আমার কিছু অসম্পূর্ন কাজ রয়ে গেছে। আমি এবারেও দলীয় মনোনয়নের মাধ্যেমে দলীয় প্রতীক নৌকা মার্কা নির্বাচিত হয়ে জনগনের সেবক হিসেবে আরো একবার সুযোগ পেতে চাই।মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার যে উন্নয়ন সেই ইন্নয়নের ধারা অব্যাহত রাখতে তার একজন কর্মী হিসেবে কাজ করতে চাই। তাই আমার কাথুলী ইউনিয়নের সর্বধারনের কাছে আরো একবার তাদের মাঝে সেবক হিসেবে কাজ করতে চাই।

চ্যানেল এস ও মেহেরপুর প্রতিদিনের পক্ষ থেকে দর্শনা থানার ওসি লুৎফুল কবীরকে ফুলের শুভেচ্ছা

চ্যালেন এস বাংলার কৃষিকথা এবং মেহেরপুর প্রতিদিন পত্রিকার পক্ষ থেকে দর্শনা থানার ওসি লুৎফর কবীরকে কে ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়েছে। আজ ৫ অক্টোবর সোমবার সকাল ১১ টায় দর্শনা থানার নবাগত ওসি এ এইচ এম লুৎফুল কবীরকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। ফুলের শুভেচ্ছা জানানোর সময় উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা প্রতিনিধি ও চ্যানেল এর জেলা প্রতিনিধি বাংলার কৃষি কথা অনুষ্ঠানের পরিচালক আফজালুল হক বাদল, মেহেরপুর প্রতিদিনের দর্শনা ব্যুরো প্রধান ও জাতীয় দৈনিক জনবানীর দামুড়হুদা প্রতিনিধি আহসান হাবীব মামুন, দৈনিক পশ্চিমাঞ্চলের দর্শনা অফিস সহকারী ব্যুরো প্রধান চঞ্চল মেহমুদ, মেহেরপুর প্রতিদিন ও চ্যানেল এস বাংলার কৃষি কথা অনুষ্ঠানের উপস্থাপক ফরহাদ হোসেন। ফুলের শুভেচ্ছা জানানোর সময় দর্শনা থানার ওসি লুৎফুল কবীর বলেন আপনারা সাংবাদিক সমাজের দর্পন। আপনাদের লেখার মাধ্যমে অন্যায় তুলে ধরেন এবং সমাজকে দূর্নীতি মুক্ত করেন। এজন্য

আপনাদের ধন্যবাদ এবং সেই সাথে চ্যানেল এস বাংলার কৃষিকথা অনুষ্ঠান এবং মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার জন্য শুভকামনা জানাই।

ঝিনাইদহে আন্তর্জাতিক তথ্য দিবস উপলক্ষে গোলটেবিল বৈঠক

“তথ্যের অধিকার, সুশাসনের অঙ্গীকার, তথ্যই শক্তি, তথ্যই মুক্তি” এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে আর্ন্তজাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে ঝিনাইদহে গোলটেবিল বৈঠক অনুষ্টিত হয়েছে।
মঙ্গলবার সকালে শহরের আহার রেষ্টুরেন্টে সুশাসনের জন্য নাগরিক (সুজন) এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে সুজনের সভাপতি আমিনুর রহমান টুকু, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা: মিথিলা পারভীনসহ জেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, সাংবাদিকসহ সচেতন মহল বক্তব্য রাখেন।
বক্তারা, তথ্য অধিকার আইনের প্রয়োগের বাস্তবতা, চ্যালেঞ্জ ও করনীয় বিষয় নিয়ে আলোচনা করেন। সেসময় সরকারি-বেসরকারী দপ্তরের তথ্য সংগ্রহের ব্যপারে বিভিন্ন আইনী ব্যাখা প্রদাণ করেন।

ঝিনাইদহে জাতীয় কণ্যা শিশু দিবস উপলক্ষে আলোচনা সভা ও বক্তৃতা প্রতিযোগিতা

‘আমরা কণ্যা শিশু-‘প্রযুক্তিতে সমৃদ্ধ হবো, ডিজিটাল বাংলাদেশ গড়বো’ এ শ্লোগানকে সামনে রেখে শিশু অধিকার সপ্তাহে জাতীয় কণ্যা

শিশু দিবস উপলক্ষে ঝিনাইদহে আলোচনা সভা ও বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা শিশু একাডেমী। এতে জেলা প্রশাসক মজিবর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আইয়ুব হোসেন, মহিলা বিষয়ক অধিদপ্তরের সহকারী পরিচালক নিলুফার রহমান সহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বক্তারা, ডিজিটাল বাংলাদেশ গড়তে কণ্যা শিশুদের প্রযুক্তিতে সম্পৃক্ত করতে সকলের প্রতি আহ্বান জানান। পরে দিবস উপলক্ষে বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে অনলাইনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১০ জন ছাত্রী অংশ নেয়। আগামী ১০ অক্টোবর এ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হবে বলে জানান আয়োজকরা।